

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

“উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র”

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.১১.১২২.১৭/২৩৪৬

তারিখঃ ১৩/১২/২০১৭খ্রিঃ।

**বিষয়ঃ চট্টগ্রাম জেলার রাংগুনিয়া পৌরসভায় কর্মচারী নিয়োগের নিমিত্ত ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**


সূত্রঃ রাংগুনিয়া পৌরসভার ২৬/০৭/২০১৭ তারিখের স্মারক নং ৯৬।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে রাংগুনিয়া পৌরসভায় নিম্নোক্ত ৪টি পদে(পদ শূন্যতা সাপেক্ষে) ৪(চার) জন কর্মচারী নিয়োগের নিমিত্ত নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলঃ

নং	চাহিত পদের নাম	প্রস্তাবকৃত পদ
১	সহকারী কর আদায়কারী	১
২	সহকারী লাইসেন্স পরিদর্শক	১
৩	সহকারী এসেসর	১
৪	ট্রাক চালক	১

০২। পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ ও স্থানীয় সরকার বিভাগের ২৪/০২/২০০৫ তারিখে ১৮২নং স্মারকে জারীকৃত পত্র এবং এ সংক্রান্ত অন্যান্য বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় ও একটি স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতঃ বাছাই কমিটি গঠন করে উল্লিখিত পদসমূহে প্রার্থী বাছাইপূর্বক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে ছাড়পত্র নম্বর ও তারিখ উল্লেখ করতে হবে। আবেদনপত্র গ্রহণের জন্য অন্ততঃ ১৫(পনের) দিন সময় প্রদান করতে হবে। আগামী ৬(ছয়) মাসের মধ্যে এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৩। ছাড়কৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে না।

  
(এ,কে,এম আনিছুলজামান)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র  
রাংগুনিয়া পৌরসভা  
চট্টগ্রাম।

অনুলিপিঃ

১। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।